



Haji Muhammad Mohsin Government High School (Since 1874)

Sreerumpur, Rajpara, Rajshahi 6000

Class 8

April 13, 2020

অনলাইন প্রস্তুতিমূলক শ্রেণি কার্যক্রম-২

অষ্টম শ্রেণি

বিষয়: বাংলাদেশ ও বিশ্বপরিচয়

৩য় অধ্যায় (সাংস্কৃতিক পরিবর্তন ও উন্নয়ন)

অনুশীলন:

জ্ঞানমূলক অংশ

১. সংস্কৃতি কী?
২. সাংস্কৃতিক পরিবর্তন কী?
৩. সাংস্কৃতিক উন্নয়ন কী?
৪. সামাজিক উন্নয়ন কী?
৫. সাংস্কৃতিক ব্যাপ্তি কাকে বলে?
৬. টেরাকোটা কী?
৭. বৈষ্ণব পদাবলী কী?
৮. দৃশ্যশিল্প কাকে বলে?

অনুধাবনমূলক অংশ

১. সংস্কৃতির পরিবর্তন হয় কেন?
২. 'সামাজিক উন্নয়ন' এর সাথে সাংস্কৃতিক পরিবর্তনের সম্পর্ক কী? ব্যাখ্যা করো।
৩. সাংস্কৃতিক পরিবর্তন ও উন্নয়ন কী সমার্থক? ব্যাখ্যা করো।
৪. সাংস্কৃতিক পরিবর্তন সমাজ উন্নয়নে বাধা সৃষ্টি করে কিভাবে?
৫. বর্তমানে শার্ট ও প্যান্ট প্রায় সব মানুষের সাধারণ পোশাকে পরিণত হয়েছে। এটি সাংস্কৃতিক পরিবর্তনের কোন্ কারণটি নির্দেশ করছে? ব্যাখ্যা করো।
৬. "প্রতিটি সমাজের রয়েছে নিজস্ব সাংস্কৃতিক আদর্শ"--- ব্যাখ্যা করো।
৭. বাংলার সবচেয়ে প্রাচীন সাহিত্যিকর্ম কী? বর্ণনা দাও।
৮. বাংলার পুঁথি সাহিত্যের বর্ণনা দাও।
৯. মঙ্গলকাব্য কী? ব্যাখ্যা করো।

সৃজনশীল অংশ

১। দৃশ্যকল্প ১: সুলতানি যুগ থেকে মোগল শাসনকাল পর্যন্ত সুদীর্ঘ প্রায় চারশ বছর মুসলিম শাসনাধীনে থাকার কারণে আরবি ও ফার্সি অনেক শব্দ বাংলা ভাষায় স্থান করে নিয়েছে।

দৃশ্যকল্প ২: বর্তমান সময়ে শহরাঞ্চলের ছেলেমেয়েদের মধ্যে বিভিন্ন রেস্টুরেন্টে বিদেশী খাবারের ব্যাপক চাহিদা দেখা যাচ্ছে। তারা ভাত মাছ খেতে কম পছন্দ করছে। এসব রেস্টুরেন্টের বিদেশী নাম বিদেশী বর্ণমালায় লেখা হয়।

ক. সামাজিক উন্নয়ন কী?

খ. সাংস্কৃতিক পরিবর্তন সমাজ উন্নয়নে বাধা সৃষ্টি করে কিভাবে?

গ. দৃশ্যকল্প ১ সাংস্কৃতিক পরিবর্তনের কোন্ কারণটি নির্দেশ করছে? ব্যাখ্যা করো।

ঘ. ‘সংস্কৃতির সকল পরিবর্তন উন্নয়ন নয়’----দৃশ্যকল্প ২ এর প্রেক্ষিতে বিশ্লেষণ করো।

২। দেশে কোভিড-১৯ এর প্রাদুর্ভাব ঠেকাতে দীর্ঘ সময় বিদ্যালয় বন্ধ। কিন্তু জেএসসি পরীক্ষার প্রস্তুতির জন্য কিছু কিছু পাঠ ইমনের অনুশীলন করা আবশ্যিক হয়ে পড়েছে। ইমনের বাবা তাঁর মোবাইল ফোনে ‘রবি ১০ মিনিট ক্লাস’ খুঁজে পেলেন এবং ইমন কে তা অনুসরণ করতে বললেন। এরপর ইমন তার এক প্রবাসী বন্ধুর মাধ্যমে বিদেশী অনেক ক্লাসের সাথেও যুক্ত হতে সক্ষম হলো।


ক. সাংস্কৃতিক ব্যাপ্তি কাকে বলে?

খ. নারী উন্নয়ন বাংলাদেশে কিভাবে সংস্কৃতির পরিবর্তন এনেছে?

গ. দৃশ্যকল্পে সংস্কৃতির পরিবর্তনের কারণটি কী? ব্যাখ্যা করো।

ঘ. “উক্ত বিষয়ই বর্তমানে বাংলাদেশে সাংস্কৃতিক বিপ্লব ঘটিয়েছে”-উক্তিটি মূল্যায়ন করো।

৩।

| ছক-ক | ছক-খ |
|---|--|
|  | <p>“চর্যাপদ”--- লুই পা, কাহ্ন-পা প্রমুখ</p> <p>“অন্নদামঙ্গল” ---- ভারতচন্দ্র</p> <p>“ইউসুফ-জুলেখা”--- শাহ্ মুহম্মদ সগীর</p> <p>“মেঘনাদ বধ”---মাইকেল মধুসূদন দত্ত</p> |

ক. শিল্পকলা কাকে বলে?

খ. বিশ্বায়ন আমাদের বিনোদনে কিভাবে প্রভাব রাখছে?

গ. ছক-ক এর অনুরূপ প্রাচীন বাংলার দৃশ্যশিল্পের বর্ণনা দাও।

ঘ. বাঙালির সংস্কৃতির বিকাশে ‘ছক-খ’ এ উল্লিখিত শিল্পের গুরুত্ব বিশ্লেষণ করো।

8।

ছক-ক



ছক-খ

কীর্তন, ভাওয়াইয়া, খেউড়
বাউল, উচাপ, গম্ভীরা

ক. শিল্পকলা কাকে বলে?

খ. 'সময়ের সাথে সাংস্কৃতিক পরিবর্তনের পার্থক্য হয়'- ব্যাখ্যা করো।

গ. A প্রাচীন বাংলার কোন্ দৃশ্যশিল্পকে নির্দেশ করছে? বর্ণনা দাও।

ঘ. বাংলার সংস্কৃতির বিকাশে B এ উল্লিখিত শিল্পের গুরুত্ব বিশ্লেষণ করো।

ডঃ শাফিয়া আফরোজ সরওয়ার